

তুমি তো করুণাময় এবে গেল বোঝা।
 নিজ শক্তি প্রকাশিয়া তুলে লও বোঝা।।
 ঠাকুর বলেন “ভাল ঠেকাইলি দায়।
 নিলাম এ বোঝা তোর গা’ তুলিয়া বয়।।”
 গোলোকের দেহে প্রভু শক্তি সঞ্চারিল।
 গেল রোগ সে গোলোক উঠিয়া বসিল।।
 শ্বেদকম্প পুলকাশ্রু বহিতে লাগিল।
 ঠাকুরের পদ ধরি স্তব আরঞ্জিল।।
 ভূভার হরণ জন্য তব অবতার।
 এবার হর হে! হরি গোলোকের ভার।।
 পাষণ্ড দলন কৈলে গৌর অবতারে।
 পাপ শিরোচ্ছেদ কৈলে দয়া অস্ত্র ধরে।।
 চক্রধারী দয়া-সুদর্শন-চক্র ধরি।
 ভূভার হরণ করে গোলোকে উদ্ধারি।।
 প্রতিজ্ঞা করেছ তুমি ভূতার হরিবা।
 সাধু পরিত্রাণ আর দুষ্কৃত নাশিবা।।
 “পরিত্রাণয় সাধুনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
 ধর্মসংস্থাপনার্থায় সম্ভাবামি যুগে যুগে।।”
 এ তোমার স্বীয়কার্য না করিলে নয়।
 যার যে স্বভাব তাহা খণ্ডন না যায়।।
 মনে ভাবি হেন কর্ম না করিব আর।
 স্বভাবে করয় কর্ম কি দোষ আমার।।
 তব দয়া লীলাগুণ নামগুণ কত।
 কে বর্ণিতে পারে তাহা অক্ষম অনন্ত।।
 যা কিছু বর্ণনা করি বলিবারে চাই।
 বর্ণনায় দোষ তার তুলনাই নাই।।
 যদ্যপি ভৎসনা করি তবু তুমি সঁই।
 জিহ্বা-মন-বাক্য তুমি গো-লোক গোঁসাই।।
 বিধি-বিষ্ণু-শিব তোমা চিনিতে না পারে।
 বর্ণে হারে বর্ণেশ্বরী বাগীশ্বরী হারে।।
 অনন্ত তোমার লীলা বুঝে শক্তি কার?
 বিধি হর হারে আর মানব কি ছার।।

ভাগবতে শ্রীমুখেতে করেছ স্বীকার।
 আমার যে লীলা তা আমার বোঝা ভার।।
 ভাল হ’ল ব্যাধি হ’ল মঙ্গল লাগিয়া।
 পাইনু পরম পদ সেই সেতু দিয়া।।
 এইমত স্তুতিবাক্য বলিতে বলিতে।
 বেলা অপরাহ্ন হ’ল বিশুদ্ধ ভাবেতে।।
 প্রভু বলে “যা গোলোক যা এখন ঘরে।
 ভক্তিগুণে বন্দী রহিলাম তোর তরে।।”
 গোলোক বলিছে ‘আর নাহি দিব ছাড়ি।’
 ভক্তি নাই দয়া করে চল মম বাড়ী।।
 ঠাকুর বলেন ‘বাছা তুমি যাও ঘরে।
 তুমি যাও এবে আমি যা’ব তারপরে।।’
 ঠাকুরে প্রণাম করি গোলোক উঠিল।
 হরিধ্বনি গিয়া গৃহে হাঁটিয়া চলিল।।
 সভাতে যতেক লোক ছিলেন বসিয়া।
 সবে করি হরিধ্বনি করে রামাগণে।
 ‘গোলোকে উদ্ধার হ’ল কহে সর্বজনে।।
 গোলোক হইল ঠাকুরের প্রিয় ভক্ত।
 পাশরিতে নারে গুণ সদা করে ব্যক্ত।।
 দিবা বিভাবরী হরিনাম সংকীর্্তন।
 হরিচাঁদ প্রীতে হরি বলে সর্বজন।।
 হরিচাঁদ ল’য়ে যত ভক্তগণ সাথে।
 মাঝে মাঝে যান সে গোলোকের বাড়ীতে।।
 মহানন্দ চিদানন্দ সৌরকর রাশি।
 দিবানিশি সমভাতি গার্হস্থ্য সন্ন্যাসী।।
 শ্রীশ্রীহরিলীলামৃত পদ প্রস্ফুটিত।
 ভক্তবৃন্দ মধু পিয়ে হ’য়ে হরষিত।।
 হরিলীলা পদ মধু পিয়ে সর্বজীবে।
 রসনা বাসনা হরি হরি বলে সবে।।

